নথিতে যশোরের জমিদারি

খ্রিষ্টীয় ঊনবিংশ শতাব্দি

মোঃ শরিফুল ইসলাম
মোঃ মোশাররফ হোসেন

নথিতে যশোরের জমিদারি
(খ্রিষ্টীয় উনবিংশ শতাব্দি)

প্রথম প্রকাশ
আগষ্ট ২০২২, ভাদ্র ১৪২৯

প্রকাশক
ছায়াবীথি

প্রচ্ছদ ও অলংকরণ
মোঃ মোশাররফ হোসেন

মুদ্রণ
এসজিএস এন্টারপ্রাইজ
৫১-৫১/এ, পুরানা পল্টন, ঢাকা- ১০০০
বাংলাদেশ

মূল্য: ১২০০ টাকা, $ ২০

Notheete Jashorer Jamidari
by Md. Shariful Islam & Md. Mosharrof Hossain
Cover designed by Md. Mosharrof Hossain
First published in August 2022
by Chyabithi publications
MRP: Taka 1200 / USD$ 20
ISBN: 978-984-35-2315-0
Printed in Bangladesh

উৎসর্গ

মা

সূচিপত্র

মুখবন্ধ

বিসমিল্লাহির রহমানির রহীম

মুদ্রা নিয়ে কাজ করার সুবাদে বাংলাদেশ ও ভারতের সংগ্রাহকদের সংগ্রহে থাকা কিছু পুরাতন নথি বা স্ট্যাম্প পেপার দেখার সৌভাগ্য হয়েছিল। কিন্তু সংগ্রাহকগণের প্রায় সবাই এই নথিগুলিকে কেবলমাত্র স্ট্যাম্প পেপারে উল্লিখিত মূল্যমান অথবা ধরণের ভিত্তিতে সংগ্রহ করে থাকেন দেখে অবাক হই। তবে এর মাধ্যমে ইতিহাস সংগ্রহ যে কেউ করেন না সেটা বলা যায়না। ত্রিপুরা বসু তাঁর দু'শো বছরের বাংলা নথিপত্র বইতে এই নথিপত্র থেকে ইতিহাস সংগ্রহের চেষ্টা আগেই করেছেন। সেই পথ ধরেই কিছুটা ভিন্ন আঙ্গিকে আমি সংগ্রাহকের সংগ্রহে থাকা পুরাতন স্ট্যাম্প পেপারগুলি নিয়ে গবেষণা করার সিদ্ধান্ত নেই। আমি আমার পরিকল্পনার কথা আমার সহযোগী লেখক মোঃ মোশাররফ হোসেনকে জানালে সেও আমার সাথে শুরু থেকেই কাজ করতে সম্মতি জানায়। এর কিছু পরে ডা. ফরহাদুর রহমান সহযোগী হিসেবে এ কাজে যোগ দেন এবং নথি সমূহের ছবি সংগ্রহে অনেক সহযোগিতা করেন।

কাজের প্রথম ধাপে সংগ্রাহকগণের সংগ্রহে থাকা খ্রিষ্টীয় ঊনবিংশ শতাব্দির স্ট্যাম্প পেপার বা নথিগুলি থেকে তৎকালীন বৃহত্তর যশোরের জমিদারি সংক্রান্ত বিষয়গুলিকে বাছাই করে আলাদা করা হয়। সেগুলির ছবি সংগ্রহ করি এবং একটি ক্যাটালগ তৈরী করি। এ বিষয়ে কোন পূর্ব প্রস্তুতকৃত ক্যাটালগ না থাকায় আমাদের তৈরীকৃত তালিকাটি যে সম্পুর্ণ নয় সেটা বলা যায়। আশা করছি এ বিষয়ে ভবিষ্যতে আরো কাজ যাঁরা করবেন, তাঁরা এই তালিকাকে সম্পূর্ণ করবেন, যা বাংলাদেশ এবং আরো বৃহৎ পরিসরে বাংলার ইতিহাসের পাঠকে আরো সমৃদ্ধ করবে।

বই এর পরবর্তী অংশে গুরুত্বপূর্ণ কিছু নথির পাঠোদ্ধারের চেষ্টা করেছি। এই অংশের সবচাইতে বড় চ্যালেঞ্জ ছিল অপাঠযোগ্য অংশগুলির পাঠোদ্ধার করা। আরেকটি বড় চ্যালেঞ্জ ছিল প্রায় দুশো বছর আগের ভাষার অনেক শব্দ যা বর্তমানকালে প্রায় অপ্রচলিত এবং বিস্মৃত, সেগুলির অর্থ জানা এবং এই বইতে লিখে রাখা। এছাড়াও অনেক শব্দই আইন সংক্রান্ত। অনেক শব্দ তৎকালীন প্রচলিত ফার্সি শব্দের অপভ্রংশ। এ অংশে অনেক ভুল থেকে যেতে পারে। এছাড়াও কিছু ছাপার ভুল থেকে যেতে পারে। ভুল গুলির জন্য আমি পাঠকদের নিকট ক্ষমা প্রার্থী। বইটির পরবর্তী সংকলনে আমরা ভুলগুলি সংশোধনে সচেষ্ট থাকবো ইনশাআল্লাহ।

উল্লেখ্য, বইটির মূল বিষয়বস্তু নথিতে বৃহত্তর যশোরের জমিদারি হলেও পাঠক নিশ্চয় লক্ষ্য করবেন যে, এখানে তৎকালীন বৃহৎ বাংলার অন্য জেলা যেমন রাজশাহী/নাটোর, পাবনা, ২৪ পরগনা, নদীয়া, হুগলি ইত্যাদির জমিদার/তালুকদারগণের নাম চলে এসেছে। এটা এ কারণে হয়েছে যে, তাদের নিবাস অন্য জেলায় হলেও যশোরে তাদের জমিদারি ছিল। সে কারণে যশোরের জমি সংক্রান্ত বিষয়ে তাদের আদালতে যেতে হয়েছিল, যা নথিগুলি থেকে আমরা দেখতে পাই।

আমাদের এই কাজে আমরা কিছু গুরুত্বপূর্ণ জমিদারের নাম পাই। তাঁদের মধ্যে মহারাণী ভবানী, মহারানী ব্রজসুন্দরী দেবী, মহারাজা জগদিন্দ্র নাথ রায় বাহাদুর, রাসমনি দাশী, রাজা বরদাকণ্ঠ রায় বাহাদুর, মাইকেল মধুসুদন দত্ত ইত্যাদি। গুরুত্বপূর্ণ উল্লেখযোগ্য জমিদারি যেমন নাটোর, দিঘাপতিয়া, ঝিনাইদহের নলডাঙ্গা, যশোরের চাঁচড়া, কোলকাতার বঙ্গাধিকারী ইত্যাদির উল্লেখ আমরা দেখতে পাই।

জমিদারি সংক্রান্ত বিষয়ে আদালতে যে বিষয়গুলি বেশি দেখতে পাই, তার মধ্যে রয়েছে মূলত খাজনা সংক্রান্ত বিরোধ। এছাড়াও জমিদারদের জমি সংক্রান্ত বিরোধ, ঋণ এর অর্থ আদায় এর মত বিষয়ের সাথে

কিছু অন্য ব্যতিক্রমিক বিষয় আমরা দেখতে পেয়েছি।

আগেই উল্লেখ করেছি, এই বইতে যশোরের জমিদারি সংক্রান্ত বিষয়ে বৃটিশ শাসকদের আদালতভিত্তিক ঘটনাসমূহ রাখা হয়েছে। তবে এমন কিছু বিষয় রাখতে হয়েছে যা শুধুমাত্র আদালত সংক্রান্ত। বইটির বিষয়বস্তু ইতিহাস, ভাষা ও আইন বিষয় সংশ্লিষ্ট। আশা করি বইটির তথ্য উপাত্তসমূহ এ বিষয়গুলির ভবিষ্যত গবেষণায় ভূমিকা রাখতে পারবে। যেহেতু বইটির তথ্যের মূল উৎস নথি এবং আমরা অনেক ক্ষেত্রেই নথি সমূহের মধ্যে লুকিয়ে থাকা ঐতিহাসিক তথ্যের গুরুত্ব অনুধাবন করতে পারিনা, আমার আশা এই যে, বইটি বাংলার অনেক গুরুত্বপূর্ণ ঐতিহাসিক তথ্য নষ্ট হওয়ার ও হারিয়ে যাওয়ার পূর্বে লিখে রাখার একটি উপায় হয়ে গেলো। কেননা ইতিহাস খুঁজে তা সংরক্ষণের উদ্যেশ্য থেকেই কাজটা আমি করার চিন্তা করেছিলাম।

একটি বড় সমস্যা হয়তো আমরা দূর করতে পারিনি। সেটি হচ্ছে দুই সময়ের বানান রীতিকে এক জায়গায় করা। প্রায় দু'শো বছর পুরনো নথি সমূহের বানান আর বর্তমান সময়ের বানান রীতি এক নয়। তাই নথি সমূহের পাঠ যেখানে লিখেছি, সেখানে হুবহু লেখার চেষ্টা করেছি। ফলে সে অংশের বানান রীতি পুরাতন। অন্য দিকে যেখানে আমরা তথ্য লিখে রাখার চেষ্টা করেছি, সেখানে বর্তমান সময়ের বানান রীতি মেনে চলার চেষ্টা করেছি।

এই কাজের জন্য আমি প্রথমেই কৃতজ্ঞতা প্রকাশ করতে চাই আমার সহ-লেখক মোঃ মোশাররফ হোসেনের প্রতি। কাজটি কম্পাইলিং, ছবির মান উন্নয়ন, প্রচ্ছদ ও অলংকরণ এবং প্রকাশনাতে তিনি অনেক পরিশ্রম করেছেন। নথির ছবি সংগ্রহে সবচাইতে বেশি সহযোগিতা করেছেন ডা. ফরহাদুর রহমান। তাঁর স্বতস্ফুর্ত সহযোগিতা কাজটিকে অনেক এগিয়ে নিতে সহায়ক হয়েছে। নথির ছবি সংগ্রহে আরো যাঁরা সহযোগিতা করেছেন, তাঁদের মধ্যে ডা. মোহাম্মদ মেজবাহ উদ্দিন, জনাব মোঃ মতিউর রহমান রকি, জনাব খালিদ টুকু, শেখ সাঈদী ইসলাম সাদীসহ অনেকেই রয়েছেন। তাঁদের প্রতি আমি কৃতজ্ঞ। বইটির অলংকরণের প্রাসঙ্গিকতা নিশ্চিত করার জন্য বৃহত্তর যশোরের জমিদার বাড়িসমূহের এবং আদালত ও কালেক্টরেট ভবনের ছবি সংগ্রহে আমাদের সহযোগিতা করতে আমার ছাত্র মোঃ ফারহান মাশুক ও তার বন্ধু হাসিবুল ইসলাম নিলয়, আমার আরেক ছাত্র মোঃ ইশরাক মোস্তাফী এবং ফাইয়াজ খান অনম-এর প্রতিও কৃতজ্ঞতা স্বীকার করছি।

বরাবরের মত আমার স্ত্রী ডা. রেজওয়ানা হকের প্রতি আমার কৃতজ্ঞতা। তাঁর সার্বিক সহযোগিতা এবং অনুপ্রেরণা আমাকে এই কাজগুলি করতে অনুপ্রাণিত করেছে। সর্বোপরি আমি আমার রবের প্রতি কৃতজ্ঞ যিনি আমাকে এই কাজগুলি করার তৌফিক দান করেছেন।

মোঃ শরিফুল ইসলাম

"আইস, আমরা সকলে মিলিয়া বাঙ্গালার ইতিহাসের অনুসন্ধান করি। যাহার যত দূর সাধ্য, সে তত দূর করুক, ক্ষুদ্র কীটযোজনব্যাপী দ্বীপ নির্ম্মাণ করে। একের কাজ নয়, সকলে মিলিয়া করিতে হইবে।"

-বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়

১
সূচনা

এই বইটিতে আমরা ইতিহাসকে মূল উপজীব্য করতে চাইনি। তাই সেই সময়ের ঐতিহাসিক প্রেক্ষাপট খুব বেশি আলোচনা করা হয়নি। বরং বইটিতে খ্রিষ্টীয় ঊনবিংশ শতাব্দির জমিদারগণ এবং তাঁদের নিযুক্ত কর্মচারীরা জমিদারি বা অন্য কোন বিষয়ে যশোরের আদালতে যেসব আরজি উপস্থাপন করেছিলেন, সেগুলির প্রামান্য দলিল উপস্থাপন করা হয়েছে। হয়তো এই সমস্ত দালিল বা নথি থেকে ইতিহাসের কোন গুরুত্বপূর্ণ তথ্য ভবিষ্যতে খুঁজে পাওয়া যেতে পারে। তাই হারিয়ে যাওয়ার আগেই এগুলিকে অন্য মাধ্যমে সংরক্ষণের তাগিদ থেকে এই বইটির কাজ হাতে নেয়া হয়েছিল। আলোচ্য বিষয়গুলিকে অনুধাবনের স্বার্থে যতটুকু ঐতিহাসিক এবং আনুষঙ্গিক আলোচনা যুক্তিযুক্ত, ততটুকুই এই অংশে আলোচনা করা হয়েছে।

জমিদারি প্রথার উৎপত্তি

মুঘল আমলে মুঘল সম্রাটগণ ভারতের বিভিন্ন অঞ্চলে জমিদারি প্রথা চালু করেন। যদিও অনেক গবেষকের মতে বাঙলায় খাজনা আদায় ত্বরান্বিত করার উদ্দেশ্যে জমিদারি প্রথার সূচনা করেন মুঘল সম্রাট আকবর[১], অন্য সূত্রে জানা যায়, সুলতানী আমলেও বাংলায় হিন্দু জমিদারগণ সুলতানদের খাজনা দিতেন, এমনকি সুলতানদের রাজনৈতিক সংঘাতে তাঁদের পক্ষাবলম্বনের নজিরও রয়েছে।[২] এটা বলা যায় যে, মুঘল সম্রাটদের স্থানীয় প্রতিনিধি নবাবেরা হয়তো বাঙলায় জমিদারি প্রথার বিস্তার ঘটিয়েছিলেন, যার মূল কারণ ছিল খাজনা আদায়ের মাধ্যম হিসেবে জমিদারদের ব্যবহার করা। এতে যদিও তাঁদের অর্থাৎ নবাবদের এবং পরবর্তীতে ব্রিটিশ সরকারের ক্ষমতা ও কর্তৃত্বের কিছু অংশ স্থানীয় বাঙালি জমিদারদের দিয়ে দিতে হয়েছিল, তারপরও এই পদ্ধতিতে খাজনা আদায়ের সুবিধা এতটাই বেশি ছিলো যে তাঁরা সেটা মেনে নিতে রাজি ছিলেন।

শিরিন আক্তার এর মতে, জমিদার এবং জমিদারির সংজ্ঞা পরিষ্কারভাবে নির্ধারিত নয়। তবে অন্যান্য গবেষকদের প্রদত্ত সংজ্ঞা পর্যালোচনা করে বলা যায় যে, তাঁরা ছিলেন সরকারের খাজনা আদায়ের মাধ্যম। ব্রিটিশ আমলে তাঁরা সরকার এবং তাদের অধস্তন কৃষকদের মধ্যে মধ্যস্বত্বভোগী ছিলেন। অনেক ক্ষেত্রেই অথবা জমিদারি প্রথা চালু থাকা অবস্থায় একটা সময়ে তাঁদের উপরে ন্যস্ত জমিতে তাঁদের মালিকানা ছিল না। তবে সেই জমি থেকে খাজনা আদায়ের অধিকার তাদের ছিল।[৩] যদিও ব্রিটিশ সরকারের পরবর্তী কিছু আইনের বলে এ অবস্থার পরিবর্তন হয়।

---

১ Ratnalekha Ray, The Bengal Zamindars: Local Magnates and the state before the Permanent Settlement, The Indian Economic & Social History Review, 1975, Volume: 12 issue: 3, page(s): 263-292, https://doi.org/10.1177/001946467501200303, p.263

২ S.M.Rabiul Karim, Raishahi Zamindars: A Historical Profile in the Colonial Period (1765-19471), PhD Thesis, 2006, Department of History, University of North Bengal, Darjeeling, p. 11-12

৩. Shirin Akhtar, The Role Of The Zamindars In Bengal (1707-1772), PhD Thesis, School of Oriental and African Studies, the University of London, 1973, p. 20

বাংলায় বাণিজ্য প্রসারের কারণে মুঘল আমলের শেষ দিকে কিছু ব্যক্তি, বিশেষ করে হিন্দু কিছু ব্যক্তি বা পরিবারের উত্থান ঘটতে শুরু করে। মুর্শিদকুলি খান এবং তাঁর পরের গভর্নরগণ অবাঙালি অফিসারদের উপর থেকে নির্ভরশীলতা কমিয়ে দিয়ে স্থানীয় বাঙালি জমিদারদের উপর বেশি মাত্রায় নির্ভরশীল হয়ে পড়েছিলেন। মুর্শিদকুলি খান তাঁর সময়ে বাংলার কিছু জমিদারকে ছোট কিছু জমিদারি কিনে নেওয়ার অনুমতি দিয়েছিলেন। পরবর্তীতে ব্রিটিশ আমলেও তাঁরা তাঁদের কর্তৃত্ব বজায় রাখতে সক্ষম হয়েছিলেন। অষ্টাদশ শতাব্দীর শুরুর দিকেই বাংলার উপর থেকে দিল্লির প্রভাব বেশ কমে যেতে শুরু করে। এর পর মুঘলদের পতনের পর ভারতের অন্যান্য অনেক এলাকার মত বাংলাতেও স্থানীয় রাজা বা জমিদারেরা অনেকটা স্বাধীন ভাবে রাজ্য বা তাঁদের এলাকা শাসন করার প্রয়াস চালিয়েছিলেন।[৪]

পরবর্তীতে ইস্ট ইন্ডিয়া কোম্পানি গঠিত হবার পর কোম্পানি কর্তৃপক্ষ জমিদারদের মাধ্যমে খাজনা আদায়ের কৌশল গ্রহণ করে। এর ফলে মুর্শিদকুলি খানের সময়ে যে সমস্ত জমিদার প্রভাব বিস্তার করতে শুরু করেন, তাঁরা পরবর্তীতে ইস্ট ইন্ডিয়া কোম্পানির সময়েও শক্ত অবস্থান ধরে রাখতে সক্ষম হন। মুঘল আমলে যদিও পৈত্রিক সূত্রে জমির মালিকদেরকে জমিদার বলা হত, যাঁরা সম্রাটকে থোক আকারে অথবা নির্ধারিত পরিমাণে খাজনা প্রদান করতেন, ইস্ট ইন্ডিয়া কোম্পানি ক্ষমতায় আসার পর জমিদারি প্রথায় কিছুটা পরিবর্তন ঘটতে দেখা যায়। এ সময়ে জমিদারি বন্দোবস্ত দেয়া হতো। এই জমিদারেরা কৃষকদের নিকট থেকে খাজনা আদায় করে কোম্পানিকে অথবা পরবর্তীতে ব্রিটিশ সরকারকে পরিশোধ করতেন। চিরস্থায়ী বন্দোবস্ত আইন ১৭৯৩ এর ফলে জমিদারগণ তাঁদের উপরে ন্যস্ত জমির মালিকানা বা তার উপরে কর্তৃত্ব প্রাপ্ত হন।[৫] উল্লেখ্য, সূর্যাস্ত আইনের ফলে অনেক পুরাতন জমিদার তাঁদের জমিদারি হারান এবং তৎকালীন ধনী অনেক 'বেনিয়া' অর্থ বিনিয়োগের মাধ্যমে জমিদারি কিনে নেন।[৬]

বাংলার জমিদারগণের বৈশিষ্ট্য

বাংলার জমিদারগণের একটি বৈশিষ্ট্য হলো তাঁরা প্রায় কেউই কৃষক পরিবার থেকে উঠে আসেননি। ফলে সমাজের কৃষক পরিবারগুলির সাথে তাঁদের বৈশিষ্ট্যগত পার্থক্য ছিল এবং কৃষকদের সাথে কোন নিবিড় সম্পর্কও তাঁদের তৈরী হয়নি। পূর্ব বাংলা অর্থাৎ বর্তমান বাংলাদেশ অঞ্চলটি যেহেতু মুসলিম অধ্যুষিত ছিল, এখানে হিন্দু জমিদারদের অনেক ক্ষেত্রে বহিরাগত মনে করা হত।[৭] তারপরও যেহেতু জমিদার বা রাজারা বাঙালি ছিলেন, তাঁরা কোম্পানি বা ব্রিটিশ সরকারের স্বার্থ থেকে নিজ এবং আঞ্চলিক বিষয়ের দিকেই বেশি মনোযোগী ছিলেন বলে মনে করা হয়।

---

৪. John R. McLane, Land and Local Kingship in Eighteenth Century Bengal, Cambridge South Asian Studies, Cambridge University Press, 2002, Cambridge.

৫. এটিএম মাসুদ রেজা, Study of the Development of Zamindar House, Dhaka Division, Master's Thesis, BUET, Dhaka, ২০০৮, পৃঃ ১১

৬. Review by Suresh Chandra Ghosh, A Bengal Zamindar: Jaykrishna Mukherjee of Uttarpara and His Times (1808-1888) by Nilmani Mukherjee, Economic and Political Weekly, Vol. 10, No. 39 (Sep. 27, 1975), p. 1537

৭. Iftekhar Iqbal, The Bengal Delta: Ecology, State and Social Change, 1840–1943, Palgrave Macmillan: New York, 2010, p. 8

জমিদারির ধরন

মুঘল আমলে দুই ধরনের জমিদারি প্রথা ছিল।[৮] প্রথম ধরনের জমিদারগণ, যাঁদের পেশকার বলা হত, পূর্ব নির্ধারিত হারে নির্দিষ্ট পরিমাণে খাজনা জমা দিতেন। তাঁদের প্রদত্ত খাজনার সাথে জমির পরিমাণের কোন সম্পর্ক ছিল না। দ্বিতীয় জমিদারি পদ্ধতিতে, যাকে মাল ওয়াজিবী বলা হত, রাষ্ট্রকর্তৃক নির্ধারিত জমির পরিমাণের উপর ভিত্তি করে জমিদারগণকে রাষ্ট্রীয় কোষাগারে খাজনা প্রদান করতে হত। উল্লেখিত জমিদারি প্রথার বাইরে কিছু গবেষক মুঘল আমলে চার শ্রেণীর জমিদারদের চিহ্নিত করেন।[৯] তাঁরা হলেন, স্বায়ত্তশাসিত জমিদার, প্রথম সারির জমিদার, বড় জমিদার এবং ছোট জমিদার। সহজ করে আমরা জমিদারদের দুই ভাগে ভাগ করতে পারি, প্রথম সারির জমিদার (Feudatory chief) এবং ছোট জমিদার। প্রথম সারির জমিদারদের অনেকেরই প্রচুর জমির সাথে নিজস্ব সৈন্য-সামন্ত ও প্রশাসনিক কর্তৃত্ব ছিল[১০] যা ছোট জমিদারদের ক্ষেত্রে দেখা যেত না। এই বইতে উপস্থাপিত নথি সমূহে আমরা বাংলার জমিদারদের নিম্নোক্ত উপাধি সমূহ পাই-

১। মহারাজা
২। মহারানী
৩। রাজা বাহাদুর
৪। রাজা
৫। রানী
৬। রায় বাহাদুর
৭। বঙ্গাধিকারী
৮। জমিদার
৯। তালুকদার, ইত্যাদি।

বড় জমিদারগণ খাজনা আদায়ের সুবিধার জন্য তাঁদের অধীনে তালুকদার নিযুক্ত করতেন যাঁরা জমিদারদের খাজনা আদায়ে সহযোগিতা করতেন। কিন্তু ১৭৯৩ সালের চিরস্থায়ী বন্দোবস্তের সময় ইস্ট ইন্ডিয়া কোম্পানি বড় জমিদারদের থেকে তালুকদারদের পৃথক করে উভয়ের সাথে আলাদাভাবে বন্দোবস্ত করেন। সে সময়ে যশোরে ১২২ জন জমিদার থেকে ৩৪৪৪ জন তালুকদারকে পৃথক করা হয়।[১১] কাজেই চিরস্থায়ী বন্দোবস্তের পর তালুকদারেরা জমিদারদের অধীনস্ত ছিলেন না। বরং এ ব্যবস্থায় তাঁদের ছোট জমিদার হিসেবে গণ্য করা যায়।

---

৮. Shirin Akhtar, THE ROLE OF THE. ZAMINDARS IN BENGAL (1707-1772), PhD Thesis, School of Oriental and Afr ican Studies, the University of London, 1973, p. 25)

৯. Ibid., p. 27-41

১০. Bose, Sugata. 1993. Peasant Labour and Colonial Capital: Rural Bengal since 1770. Cambridge: Cambridge University Press, p. 70

১১. S.M.Rabiul Karim, Raishahi Zamindars: A Historical Profile in the Colonial Period (1765-19471), PhD Thesis, 2006, Department of History, University of North Bengal, Darjeeling, p. 124

যশোর[১২]

যশোর ঐতিহাসিকভাবে বাংলার একটি প্রসিদ্ধ জনপদ। প্রাচীন যশোরকে প্রতাপাদিত্যের জননী রূপে বর্ণনা করে শ্রী যোগীন্দ্র নাথ বসু বলেন, 'প্রাচীন যশোহর ভূমি একদিন বীর প্রসবিনী বলিয়া প্রসিদ্ধি লাভ করিয়াছিল।'[১৩] যশোর পঞ্চদশ শতকে রাজা প্রতাপাদিত্যের রাজ্যের অংশ ছিল। বর্তমান জেলা যশোর, ঝিনাইদহ, মাগুরা, নড়াইল, খুলনা, বাগেরহাট, সাতক্ষিরা এবং কুষ্টিয়া ও ফরিদপুরের অংশ বিশেষ এবং ২৪ পরগনার বনগাঁ মহুকুমা প্রাচীন যশোরের অন্তর্ভুক্ত ছিল।[১৪] আদি যশোরের আয়তন ছিল ১৪৫৬০ বর্গ কিলোমিটার। ১৭৬৫ সালে যশোরের আর্থিক বিষয়গুলি ইস্ট ইন্ডিয়া কোম্পানির হাতে ন্যস্ত করা হয়। ১৭৮১ সালে বাংলায় দেওয়ানি আদালতের সংখ্যা বাড়ানো হয়। এ সময়ে যশোরে বৃটিশ এডমিনিস্ট্রেটিভ ইউনিট স্থাপন করা হয় এবং যশোরের মুড়লীতে একটি নতুন আদালত স্থাপন করা হয়। নব নিযুক্ত যশোরের দেওয়ানি আদালতের কর্তৃত্বাধীন এলাকা ছিল তৎকালীন যশোর, ফরিদপুর এবং ইছামতি নদীর পূর্ব পার্শ্বে অবস্থিত পরগণা সমূহ যেগুলি চব্বিশ পরগণার অন্তর্ভূক্ত। দেওয়ানি আদালতের পাশাপাশি ১৭৮১ সালে যশোরে ফৌজদারি আদালত প্রতিষ্ঠা করা হয় যেটি ম্যাজিস্ট্রেরিয়াল কর্মকান্ড পরিচালনা করত।

আদালতে জমিদারগণ

জমিদার পরিবারগুলি খাজনা আদায় ছাড়াও জমির দখল, প্রদত্ত ঋণের অর্থ আদায়, ব্যাক্তিগত কোন্দল এমনকি অনেক ক্ষেত্রে পারিবারিক কোন্দলে জড়িয়ে যেত। মুঘলদের শাসনব্যবস্থা ভেঙ্গে পড়ার পর স্থানীর রাজা বা জমিদারগণ তার সুবিধাভোগী ছিলেন।[১৫] তাঁরা অনেক ক্ষেত্রেই গ্রামীণ জনগণ এবং ব্রিটিশ ঔপনিবেশিকদের মাঝে মধ্যস্বত্বভোগীর ভূমিকায় অবতীর্ণ হন। তাঁরা কৃষকদের ঋণ দেয়া এবং তাদের কাছ থেকে খাজনা আদায় করে ঔপনিবেশিকদের কোষাগারে সেই খাজনা পৌঁছে দেয়ার কাজ করতেন। মুঘল আমলের প্রশাসনিক নথি থেকে দেখা যায় তৎকালীন জমিদারের রাজনৈতিক বিশ্বাসযোগ্যতা কম ছিল।[১৬] ফলে হয়ত তাদের মধ্যে কোন্দল বিভিন্ন কারণে আদালত চত্বর পর্যন্ত হাজির হত। জমিদারি পরিচালনা হত তাঁদের কার্যালয় হতে যা কাছারি নামে পরিচিত ছিল। এছাড়াও জমিদারবাড়িগুলিও তাঁদের কার্যালয় হিসেবে ব্যাবহৃত হত। কাছারিগুলিতে সারা বছর ধরে খাজনা আদায়, ঋণ দেয়া ও অন্যান্য কার্যাবলি সম্পাদন হত। খাজনা আদায় বা জমির মালিকানা সংক্রান্ত বিরোধ নিস্পত্তি হত দিওয়ানি আদালতে। এই কোন্দলের প্রথা কোম্পানী আমল হয়ে ব্রিটিশ আমলেও জারি ছিল। তার নজির বিদ্যমান।

জমিদার বা তাঁদের ব্যাবস্থাপকদেরকে কৃষকদের নিকট থেকে খাজনা আদায়ের জন্য আদালতের স্মরণাপন্ন হতে হত। খাজনা আদায়ের জন্য আদালতে মামলা করা সে সময়ে জমিদারদের জন্য খুব একটা ফলদায়ক বিষয় ছিলনা। বরং তাতে খরচ বেশি ছিল। অনেক ক্ষেত্রে আংশিক টাকা আদায় হত যা থেকে অনেক ক্ষেত্রে খরচ তোলা যেত না। ইফতেখার ইকবাল (২০১০) এর ভাষায়,

---

১২. এই অংশটি www.jessore.gov.bd থেকে সংকলিত।

১৩. শ্রী যোগীন্দ্র নাথ বসু, মাইকেল মধুসূদন দত্তের জীবন-চরিত, সান্যাল এন্ড ওকাম্পানি, কলিকাতা, ১৯০৫, পৃঃ ১

১৪. www.jessore.info

১৫. Muzaffar Alam, Christopher Bayly, Philip Calkins, and Andre Wink, (cited in John R. McLane, 2002, p. 5

১৬. Tapan Kumar Raychaudhuri, Bengal under Akbar and Jahangir: An Introductory Study in Social History (Calcutta, 1953), p. 22 and 31.

১৭. Iftekhar Iqbal, 2010, প্রগুক্ত p. 34

১৮. কায়েমী স্বত্ব।

'Besides, the zamindars explained, suits for arrears were very expensive, and it was almost impossible to realize the rents by suits because the raiyats united against the zamindar, with the consequence that a very large number of suits had to be instituted. On the whole, the zamindars could manage only 'a very disproportionately small percentage' of law suits in their favour. But, even where a decree was obtained for arrears due, the zamindar very often did not obtain the whole of the actual costs of litigation; and the low rates of interest allowed on decrees were 'by no means calculated to induce the raiyats to satisfy the decrees at once'.[১৭]

এতদসত্বেও এই বইতে উপস্থাপিত নথি সমূহ পর্যালোচনা করলে খাজনা আদায় সংক্রান্ত বহু মামলার নজির আমরা দেখতে পাই। এর পরে আসে জমিদারদের পারিবারিক কোন্দল। জমিদারির উত্তরাধিকার সংক্রান্ত মোকদ্দমা খুব স্বাভাবিক বিষয় ছিল। এরকম একাধিক মামলার নজির আমরা পেয়েছি। John R. McLane, (২০০২, পৃঃ ১৯) তাঁর লেখায় এরকম কিছু জমিদারদের পারিবারিক কোন্দলের চিত্র তুলে ধরেছেন যা উনার ভাষায় নিম্নরূপঃ

'Rajas Chaitanya and Damodar Singh, first cousins, sent both their militia and lawyers against each other in their struggle over the Bishnupur zamindari. Raja Tejchandra fought for many years with his mother, Rani Bishnukumari, for control of the Burdwan zamindari. Rani Saraswati of Dinajpur was so displeased by the management of her nine-year-old adopted son's zamindari by his relative and guardian that she kidnapped her son.'

পারিবারিক কোন্দলের বাইরে জমিদারদের আদালতে যাওয়ার বড় কারণই হয়ে দাঁড়িয়েছিলে জমি বন্দোবস্ত সংক্রান্ত আইন এবং তাঁর জটিলতা। এই জমি বন্দোবস্ত প্রক্রিয়ার দূর্বলতার কারণে অনেক ক্ষেত্রেই জমিদারদের মধ্যে জমি সংক্রান্ত মামলা মোকদ্দমার সৃষ্টি হত। পূর্বে উল্লিখিত ১৭৯৩ সালে শুরু হওয়া চিরস্থায়ী বন্দোবস্ত প্রথা অনেকটা স্থায়ীভাবে বাংলার জমিদারদেরকে তাঁদের অধীনে থাকা জমির[১৮] খাজনা আদায়ে অনেকটা একক কর্তৃত্ব দান করে।

এর পূর্বে লর্ড কর্নোওয়ালিশ ১৭৮৯ সালে জমিদারদের সাথে ১০ বৎসরের চুক্তি করেন। পরবর্তিতে ১৭৯৩ সালে ঘোষণা করা হয় যে, এই চুক্তি শেষে জমিদারগণ কর প্রদান সাপেক্ষে চিরস্থায়ীভাবে তাঁদের অধীনস্থ জমিদারির অধিকারী থাকবেন। তবে কর প্রদানে ব্যর্থ হলে কোম্পানি সেই জমিদারি নিলামে তুলতে পারবেন।[১৯] প্রচুর সমালোচনা এবং বাস্তবিক সমস্যা থাকা সত্বেও এই প্রথা ১৯৫০ সাল পর্যন্ত জারি ছিল যদিও রাষ্ট্রীয় অধিগ্রহণ আইনের কারণে ১৮৮০ সালের পর থেকেই জমিদারদের ক্ষমতা ও কর্তৃত্ব কমে যেতে শুরু করে।

চিরস্থায়ী বন্দোবস্ত প্রথার সবচাইতে বড় দূর্বলতা ছিল যে, এই আইন স্থানীয় কৃষ্টি, অধিকার ইত্যাদি বিবেচনায় না নিয়ে অনেকটা তড়িঘড়ি করে প্রস্তুত করা হয়েছিল। যদিও অধিক কর আদায়ের কৌশল হিসেবে ইস্ট ইন্ডিয়া কোম্পনি পূর্ব ভারত জুড়ে চিরস্থায়ী বন্দোবস্ত প্রথা চালু করেছিল, বাংলার বন এবং নদী বিধৌত নিম্নভূমিতে জেগে ওঠা চর সমূহ সহ অনেক এলাকায় সেটার ব্যাতিক্রম ছিল।[২০] এভাবে ভূ-প্রাকৃতিক বৈশিষ্ট্যের কারণে বাংলার প্রায় অর্ধেক এলাকা বন্দোবস্তের বাইরে থেকে যায়।[২১]

অন্যদিকে কোন জমি নদীগর্ভে চলে গেলে[২২] সেই জমি থেকে আয় বন্ধ হয়ে যাওয়ায় জমিদারেরা সেই জমির জন্য খাজনা দেয়া বন্ধ করে দিতে বাধ্য হলে সরকার সেই জমি আবার নিলামে তুলে দিত। কিন্তু সেই জমির জন্য স্বাভাবিক নিয়মে কোন ক্রেতা না পাওয়া গেলে সরকার অতি নগণ্য মূল্যে সে জমি কিনে নিত।[২৩] অনেক ক্ষেত্রে নদী থেকে জেগে ওঠা নতুন চর জমিদারেরা নিজের নিয়ন্ত্রণে নিতে চাইলে পার্শ্ববর্তি অন্য জমিদার এমনকি সরকারের সাথে তাঁরা মামলায় জড়িয়ে যেতেন।

১৮৫৯ সালে ব্রিটিশ সরকার একটি নতুন আইন পাশ করে যা Tenancy Act X of 1859 নামে পরিচিত, সেটি চিরস্থায়ী বন্দোবস্ত আইনের সাথে বেশ সাংঘর্ষিক ছিল। দেখা যায় ব্রিটিশ সরকার প্রায় সব ক্ষেত্রে তাদের আর্থিক লাভকেই প্রাধান্য দিত বিধায় অনেক ক্ষেত্রে জমিদারদের জমি নিলামে তোলাকেই বেশি পছন্দ করত কারণ জমির হাত বদলের দ্বারা তারা সরকারি খাজানায় বেশি অর্থ জমা করতে সক্ষম হত।[২৪] এছাড়াও নদীতে কোন জমি বিলীন হবার পর আবার জেগে উঠলে সেই জমি নিয়ে লীজপ্রাপ্ত জমিদার এবং আবাদকারের মধ্যে দখল নিয়ে কোন্দল তৈরী হত। এর কারণ, নদীতে কোন জমি বিলীন হবার পর আবার জেগে উঠলে সে জমির উপর নতুন আইন অনুযায়ী জমিদারের কোন অধিকার থাকতনা। সে জমি সরকারি মালিকানায় চলে যেত। ফলে একদিকে জমিদার জবরদখলের মাধ্যমে মালিকানা টিকিয়ে রাখতে চাইতেন। অন্যদিকে আবাদকার কোন কোন ক্ষেত্রে জমিতে সরকারি মালিকানা এবং নজরদারিত্বের অভাবের সুবিধা নিতে চাইত। জমিদারদের এভাবে বিভিন্ন বিষয়ে কোন্দলে জড়িয়ে আদালতের স্বরণাপন্ন হতে হয়েছিল বলেই সেই মোকদ্দমাসমূহের নথিসমূহ থেকে তাঁদের কিছু ইতিহাস এখানে তুলে ধরার প্রয়াস আমরা পাচ্ছি। এই বইয়ের পরবর্তি অধ্যায়ে আমরা সেই নথি সমূহ উপস্থাপন করেছি।

---

১৯. Guha, Ranajit. 1963. A Rule for Property in Bengal: An Essay on the Idea of the Permanent Settlement. Paris: Moulton and Co., p. 11. in Anand V. Swamy (2010), Land and Law in Colonial India, Forthcoming in Debin Ma and Jan Luiten Van Zanden eds. Long-term Economic Change in Eurasian Perspective, Stanford University Press, p. 5.

২০. Iftekhar Iqbal, 2010, প্রগুক্ত p. 34

২১. অনেক জমি লাখেরাজ বা নিষ্কর থেকে যায়।

২২. নদী ভাঙ্গনের ফলে নদী গর্ভে বিলীন হওয়া জমিকে সিকস্তি বলা হয়। নদী ভাঙ্গনে বিলুপ্ত হওয়া জমি যখন পুনরায় চর রূপে জেগে উঠে, তখন সে জমিকে পয়স্তি বলা হয়।

২৩. Iftekhar Iqbal, 2010, p. 24 প্রাগুক্ত

২৪. প্রাগুক্ত

নথি সংশ্লিষ্ট কয়েকজন জমিদার
বৃহত্তর যশোর জেলা
নলডাঙ্গা রাজবংশ

নলডাঙ্গা রাজবংশের রাজা ইন্দ্রভূষণ দেব রায়ের পিতার নাম শশিভূষণ যিনি ১৮৩৪ খ্রিষ্টাব্দে যখন মারা যান, তখন তাঁর দত্তক পুত্র ইন্দ্রভূষণ দেব রায় নাবালক ছিলেন। ফলে জমিদারি কোর্ট অব ওয়ার্ডস[২৫] এর অধীনে পরিচালিত হয়। ১৮৫৩ খ্রিষ্টাব্দে ইন্দ্রভূষণ দেব রায় সাবালকত্ব প্রাপ্ত হয়ে স্বহস্তে জমিদারি পরিচালনা শুরু করেন।[২৬] এর পর তাঁর পূর্বপুরুষ প্রাপ্ত রাজ সনদের ভিত্তিতে রাজা খেতাব দাবী করেন এবং তার প্রেক্ষিতে ব্রিটিশ সরকার হতে রাজা খেতাব প্রাপ্ত হন।[২৭] তিনি সিপাহী বিদ্রোহের সময় ব্রিটিশ সরকারকে বেশ কিছু হাতি দিয়ে সহযোগিতা করেন বলে জানা যায়।[২৮] ১৮৭০ খ্রিষ্টাব্দে তিনি মৃত্যুবরণ করেন।

রাজা ইন্দ্রভূষণ দেব রায়ের মৃত্যুর সময় তাঁর দত্তক পুত্র রাজা প্রমথভূষণ দেব রায়ের বয়স ছিল ১২ বছর।[২৯] পিতার মৃত্যুর ফলে তিনি সম্পত্তির মালিক হলেও জমিদারি কোর্ট অব ওয়ার্ডস এর অধীনে পরিচালিত হয়। ১৮৭৯ খ্রিষ্টাব্দে প্রমথভূষণ দেব রায় সাবালোকত্ব প্রাপ্ত হয়ে জমিদারি স্বহস্তে গ্রহন করেন এবং প্রায় ৪০ বছর জমিদারি পরিচালনা করেন।[৩০] ১৯১৩ খ্রিষ্টাব্দে তিনি ব্রিটিশ সরকার কর্তৃক 'রাজাবাহাদুর' খেতাব ও সনদ প্রাপ্ত হন।[৩১] তিনি ছিলেন সুবক্তা, শিল্পকুশল এবং কর্মে দক্ষ নৃপতি। প্রমথভূষণ সারা বছরই যশোরে অবস্থান করে কৃষকদের কল্যাণ বিধানে সচেষ্ট থাকতেন বলে উল্লেখ করেন শ্রীসতীশচন্দ্র মিত্র (পৃঃ ৪৭৪)। তাঁর দুই পুত্র কুমার পন্নগভূষণ এবং কুমার মৃগাঙ্কভূষণ।

---

২৫. ১৮৭৯ সনে কোর্ট অব ওয়ার্ডস (Court of Wards) আইন করা হয়। চিরস্থায়ী বন্দোবস্তের পরবর্তীকালে কোন জমিদার নিঃসন্তান অবস্থায় মারা গেলে অথবা নাবালক সন্তান রেখে মৃত্যুবরণ করলে এ আইন মোতাবেক উক্ত জমিদারি, সরকারের তত্ত্বাবধানে পরিচালিত হত। এই ব্যবস্থাকে কোর্ট অব ওয়ার্ডস বলা হয়।

২৬. শ্রীসতীশচন্দ্র মিত্র, যশোহর-খুলনার ইতিহাস (২য় খন্ড), প্রথম সংস্করণ, গুরদাস চট্টোপাধ্যায় এন্ড সন্স, কলিকাতা, ১৩২৯ (বাংলা সন), পৃঃ ৪৭২

২৭. প্রাগুক্ত : পৃ: ৪৭২

২৮. প্রাগুক্ত : পৃ: ৪৭৩

২৯. প্রাগুক্ত : পৃ: ৪৭৩

৩০. প্রাগুক্ত : পৃ:৪৭৩

৩১. প্রাগুক্ত : ৪৭৩

চাঁচড়ার রাজবংশ

চাঁচড়ার রাজবংশের বারো আনা জমিদারির মালিক রাজা নীলকণ্ঠের বংশধর ছিলেন রাজা বরদাকণ্ঠ।[৩২] আশ্চর্যজনক সত্য হল, অন্যান্য অনেক জমিদারের মতই তাঁর পিতা বানীকণ্ঠ রায় মারা যাওয়ার সময় বরদাকণ্ঠ ছিলেন নাবালক। তিনি ১৮১৭ খ্রিষ্টাব্দে সম্পত্তির উত্তরাধিকারী হন। ১৮৩৪ খ্রিষ্টাব্দে রাজা বরদাকণ্ঠ রায় বয়ঃপ্রাপ্ত হয়ে জমিদারি নিজের হাতে গ্রহণ করেন এবং ৪৬ বছর শাসন করে ১৮৮০ খ্রিষ্টাব্দে পরলোক গমন করেন।[৩৩] জানা যায় ১৮৬৪ খ্রিষ্টাব্দের ১ আগস্ট থেকে গঠিত হয় যশোর পৌর সমিতি। যশোর পৌরসভার প্রথম ভাইস চেয়ারম্যান নিযুক্ত হন মিঃ টি. টি. অ্যালেন। এবং সেই সমিতিতে রাজা বরদাকণ্ঠ একজন কমিশনার নির্বাচিত হন।[৩৪]

যশোরে সিপাহী বিদ্রোহের সময়ে রাজা বরদাকণ্ঠের অবস্থান ছিল সরকারের পক্ষে যা ছিল নীতিগতভাবে গতানুগতিক। রাজা বরদাকণ্ঠ রায় কোম্পানিকে তাঁর ব্যক্তিগত হাতি এবং পরিবহনের জন্য গাড়ি দিয়ে সাহায্য করার মাধ্যমে শ্রেণীস্বার্থ রক্ষা করেছিলেন। তাঁর সহযোগিতায় সন্তুষ্ট হয়ে বৃটিশ সরকার ১৮৬৫ সালে তাঁকে ঢাল তরবারি 'খেলাত' ও 'রাজাবাহাদুর' উপাধি প্রদান করেন।[৩৫]

১৮৮০ খ্রিষ্টাব্দে রাজা বরদাকণ্ঠের মৃত্যুর পর তাঁর জ্যেষ্ঠ পুত্র জ্ঞাণদাকণ্ঠ জমিদারির উত্তরাধিকারী হন। তবে তাঁর অপর দুই ভাই মানদাকণ্ঠ ও হেমদাকণ্ঠকেও সম্পত্তির মালিকানা সংক্রান্ত মোকদ্দমায় বাদী বা বিবাদী হিসেবে এই বইতে উপস্থাপিত মামলার নথিতে দেখা যায়। সেই সাথে রাজা বরদাকণ্ঠের বিপত্নিক স্ত্রী রানী দূর্গাসুন্দরীকেও অন্ততঃ একটি মোকোদ্দমার নথিতে বাদী হিসেবে আমরা দেখতে পাই।

সে যাইই হোক, জ্ঞাণদাকণ্ঠ ছিলেন নিঃসন্তান এবং তিনি তাঁর ভ্রাতা মানদাকণ্ঠের তৃতীয় পুত্র কুমার ক্ষিতীশকণ্ঠকে দত্তক নেন।[৩৬] জ্ঞাণদাকণ্ঠের মৃত্যুর পর ক্ষিতীশকণ্ঠ জমিদারির অর্ধাংশের মালিক হন। এবং মানদাকণ্ঠের অপরাপর তিন পুত্র সতীশকণ্ঠ, যতীশকণ্ঠ ও নৃপতীশকণ্ঠ তাঁদের পিতামহ রাজা বরদাকণ্ঠের বাকি জমিদারির মালিকানা প্রাপ্ত হন।[৩৭]

---

৩২. শ্রীসতীশচন্দ্র মিত্র, প্রাগুক্ত ১৩২৯ (বাংলা সন), পৃঃ ৪৮৫

৩৩. Jessore ১৯৭১ পেজ থেকে সংগৃহীত।

৩৪. প্রাগুক্ত, পৃঃ ৪৮৬

৩৫. প্রাগুক্ত, পৃঃ ৪৯৬

৩৬. প্রাগুক্ত, পৃঃ ৪৯৬

৩৭. প্রাগুক্ত, পৃঃ ৪৯৬

সৈয়দপুর ট্রাস্ট স্টেট

সৈয়দ কেরামত আলী, (মতওয়াল্লি[৩৮]) এর নামে একটি নথির সূত্র ধরে একটি ওয়াকফ[৩৯] সম্পত্তি সম্পর্কে অনুসন্ধান করতে গিয়ে বেশ কিছু চমৎকার তথ্য বেরিয়ে আসে। বাংলাদেশ সরকারের জাতীয় তথ্য বাতায়নের ওয়েবসাইট[৪০] থেকে সংগৃহীত তথ্য থেকে জানা যায়, চাঁচড়ার জমিদার মনোহর রায় বাংলা ১১২২ (১৭০৫ খ্রিঃ) সালে মৃত্যুবরণ করেন এবং তাঁর বিধবা স্ত্রী ছেলে শ্যামসুন্দরের নামে পুরো স্টেটের ৪ আনা সম্পত্তি লিখে দেয়ার ব্যবস্থা করেছিলেন। ফলে এ সময় হতে স্টেটটি দুই ভাগে বিভক্ত হয়ে জমিদারি পরিচালিত হতে থাকে। অপর ১২ আনার জমিদার ছিলেন সুখদেব রায় ও তাঁর পুত্র নীলকন্ঠ[৪১] (১১৫২ শকা; ১৭৪৫ খ্রিঃ)। জানা যায় যে শ্যামসুন্দর ও তাঁর শিশু পুত্র দুর্ঘটনাজনিত কারণে মৃত্যুবরণ করেন। এর ফলে তাদের মালিকানাধীন ৪ আনা সম্পত্তি ১১৬৩-১১৬৪ (১৭৫৬-১৭৫৮ খ্রিঃ) সাল পর্যন্ত সম্পূর্ণরূপে কর্তৃত্ববিহীন অবস্থায় থেকে যায়।

পলাশির যুদ্ধের পর কলিকাতার সন্নিকটের কিছু ঘটনা এই চার আনা সম্পত্তির ভাগ্যের সাথে সংশ্লিষ্ট। ঐ সময়ে ইস্ট ইন্ডিয়া কোম্পানি মীর জাফরের প্রতুশ্রুতি মোতাবেক নবাবদের কাছ থেকে কলিকাতার সন্নিকটে কিছু জমি বরাদ্দ পায় যার জমিদারির মালিকানা ছিল সালাউদ্দিন খান নামক একজন জমিদারের নামে।[৪২] পরবর্তীতে সালাউদ্দিন খান জানতে পারেন যে শ্যামসুন্দরের চার আনা সম্পত্তির কোন উত্তরাধিকারী নেই। তাই তিনি তাঁর পূর্ববর্তী সম্পত্তির ক্ষতিপূরণ বাবদ ঐ জমির মালিকানা দাবী করেন। এই প্রেক্ষিতে শ্যামসুন্দরের চার আনা সম্পত্তি সালাউদ্দিন খানকে দেয়া হয়। ঐ চার আনা সম্পত্তি এখন সৈয়দপুর ট্রাস্ট স্টেট নামে পরিচিত। খুলনার মহেশ্বরপাশার কিছু মহাল এই ট্রাস্টের অন্তর্ভুক্ত।[৪৩] পূর্বে উল্লেখ করেছি, এই বইতে উপস্থাপিত একটি মোকদ্দমার নথি মহেশ্বরপাশার অর্ন্তঃগত বিবাদীয় জমি সংক্রান্ত।

চিরস্থায়ী বন্দোবস্তের সময় ঐ চার আনা সম্পত্তি সালাউদ্দিন খানের বিধবা পত্নী মুন্নুজানের অধিকারে ছিল। ১৮০৩ খ্রিষ্টাব্দে মুন্নুজান খানম ৮১ বছর বয়সে মৃত্যুর সময় সম্পত্তিটি তাঁর সৎ ভাই হাজী মোঃ মোহসীনকে দান করে গেলেও হাজী মোঃ মোহসীন এর কোন উত্তরাধিকারী না থাকায় ঐ চার আনা সম্পত্তি সহ মুন্নুজানের দান করে যাওয়া স্টেটটি হুগলীর ইমামবাড়ার উন্নয়নের জন্য একটি ট্রাস্ট গঠন করে ওয়াকফ করে যান।[৪৪]

পশ্চিমবঙ্গ সরকারের সংখ্যালঘু বিষয়ক ও মাদ্রাসা শিক্ষা দপ্তরের অধীনস্থ বিধিবদ্ধ সংস্থা 'পশ্চিমবঙ্গ সংখ্যালঘু উন্নয়ন ও বিত্ত নিগম' কর্তৃক প্রকাশিত 'হাজি মহম্মদ মহসিন-এক মহৎ জীবন' পুস্তিকায় ৯ বৈশাখ ১২১৩ বঙ্গাব্দে প্রস্তুত হাজী মোঃ মোহসীন এর সম্পাদিত ওয়াকফ দলিল এর বাংলা অনুবাদ স্থান পায়।

---

৩৮. যিনি ওয়াকফফ সম্পত্তি তত্ত্বাবধান বা পরিচালনা করেন।

৩৯. মুসলিম সম্পত্তি আইন অনুযায়ী কোন মুসলমান তার সম্পত্তি ধর্মীয় বা সমাজ কল্যাণমুলক কাজের জন্য দান করার উদ্দেশ্যে উক্ত সম্পত্তি দলিলের মাধ্যমে উৎসর্গ করলে সেই সম্পত্তিকে ওয়াকফ সম্পত্তি বলে।

৪০. http://www.jessore.gov.bd

৪১. সরকারী ওয়েব সাইটে এই নাম নীলকান্ত উল্লেখ করা হয়েছে।

৪২. শ্রীসতীশচন্দ্র মিত্র, ১৩২৯ (বাংলা সন), প্রাগুক্ত, পৃঃ ৫০৪

৪৩. শ্রীসতীশচন্দ্র মিত্র, ১৩২৯ (বাংলা সন), প্রাগুক্ত, পৃঃ ৫১০

৪৪. প্রাগুক্ত, পৃঃ ৫০৬-৫০৭

সেখানে দেখা যায় তিনি যশোর জেলার কিসমৎ সৈয়দপুর এবং শোভনাল পরগণার সম্পত্তি একটি স্থায়ী ওয়াকফ হিসেবে দান করে যান (পৃষ্ঠা ৯-১১)। অপরদিকে ইতিপূর্বে উল্লখিত বাংলাদেশ সরকারের তথ্যসূত্র অনুযায়ী যশোরের জমিদারির মধ্যে সৈয়দপুরের চার আনা সম্পত্তিটি ছিল যশোরের অন্য জমিদারিগুলি থেকে ভিন্ন এবং সেটি থেকে অর্জিত অর্থ হুগলির ইমাম বাড়ার উন্নয়নে ব্যয় করা হত। উভয় সূত্রের তথ্য থেকে অনুমেয় যে দিল্লির ইমামবাড়ার মতোওয়াল্লি এবং এই চার আনা ওয়াকফ সম্পত্তির মতোওয়াল্লি হয়তো একই ব্যাক্তি ছিলেন।

এই বইতে যে নথিটি আলোচনা করা হইয়েছে, সেটিতে মতোওয়াল্লি হিসেবে যে নাম উল্লেখ আছে, সেটি হল, সৈয়দ কেরামত আলি। অন্যদিকে অত্র অঞ্চলে ঊনবিংশ শতাব্দির একজন সমাজ সংস্কারক, হানাফি মাযহাবের অনুসারী ফকিহ ও সাইয়েদ আহমাদ ব্রেলভী কর্তৃক প্রতিষ্ঠিত তরিকায়ে মুহাম্মদিয়ার অন্যতম একজন প্রচারক ছিলেন কেরামত বা কারামত আলি জৌনপুরী।[৪৫] কলকাতায় ধর্মপ্রচারের প্রাথমিক কাজ সম্পন্ন করে তিনি যশোর ও খুলনা হয়ে বরিশাল পৌঁছেন।[৪৬] ১৮৭৩ খ্রিস্টাব্দের ৩০ মে রংপুরে ৭৩ বছর বয়সে তাঁর মৃত্যু হয় এবং রংপুরেই তাঁকে সমাহিত করা হয়।[৪৭] অন্য তথ্যসূত্র থেকে জানা যায়, সৈয়দ কেরামত আলি খাঁ নামে একজন হুগলির ইমামবাড়ার মতোওয়াল্লি ছিলেন যাঁর সময়ে এই ইমামবাড়ার বিখ্যাত ঘড়িটি ১৮৪৮ সালে ক্রয় করা হয়।[৪৮] যেহেতু যশোরের এই চার আনা সম্পত্তি ও হুগলির ইমামবাড়া একই ওয়াকফ সম্পত্তির অধীনে ছিল, ধারণা করছি, এই বইটির নথিটিতে উল্লিখিত সৈয়দ কেরামত আলি, হুগলির ইমামবাড়া সৈয়দ কেরামত আলি একই ব্যক্তি ছিলেন। তবে ঊনবিংশ শতাব্দির সমাজ সংস্কারক ও ধর্মপ্রচার কেরামত আলি জৌনপুরী একই ব্যক্তি কিনা, সেটা নিশ্চিত নই।

---

৪৫. উইকিপিডিয়া

৪৬. বাংলাপিডিয়া

৪৭. Rangpur.gov.bd| শ্রীসতীশচন্দ্র মিত্র, যশোহর-খুলনার ইতিহাস (২য় খন্ড), প্রথম সংস্করণ, গুরদাস চট্টোপাধ্যায় এন্ড সন্স, কলিকাতা, ১৩২৯ (বাংলা সন), পৃঃ ৫০৮ এ 'হাজি মহম্মদ মহসিন এর ওয়াকফ সম্পত্তির মতোয়াল্লি হিসেবে সৈয়দ কেরামত আলি খাঁ এর সময়কাল ১৮৩৭-৭৫ খ্রীষ্টাব্দ উল্লেখ করা হয়েছে।

৪৮. শ্রীসতীশচন্দ্র মিত্র, ১৩২৯ (বাংলা সন), প্রাগুক্ত, পৃঃ ৫০৮-৫০৯

সাগরদাঁড়ীর জমিদার বাড়ী

যশোরের অন্তর্গত সাগরদাঁড়ী গ্রামে বিখ্যাত মেঘনাদবধ সহ আরো অনেক কালজয়ী সাহিত্য কর্মের প্রবাদ পুরুষ কবি মাইকেল মধুসূদন দত্ত'র জন্ম ইংরেজী ১৮২৪ খ্রীষ্টাব্দের ২৫ জানুয়ারি।[৪৯] তাঁর গ্রাম সম্বন্ধে শ্রীযোগীন্দ্র নাথ বসু বলেন, 'প্রসন্নসলিলা কপোতাক্ষী ইহার তিন দিক বেষ্টন করিয়া প্রবাহিত হইতেছে।'[৫০] তাঁর প্রপিতামহ রামকিশোর দত্ত খুলনা জেলার তালা গ্রামে বাস করতেন।[৫১] প্রপিতামহের মৃত্যুর পর তাঁর পিতামহ রামনিধি সাগরদাঁড়ী গ্রামে বসবাস শুরু করেন। মধুসূদনের পিতা রাজ নারায়ণ দত্ত। মাতা জাহ্নবীদাসী খুলনা জেলার কাটপাড়ার জমিদার গৌরীচরণ ঘোষের কন্যা ছিলেন।[৫২] মধুসূদন দত্ত ছিলেন বুদ্ধিমান, সরল, উদারমনা কিন্তু আত্মসংজমহীন অন্যদিকে জ্ঞানপিপাসু।[৫৩] মধুসূদন দত্তের অন্য দুই সহোদর শৈশবেই মৃত্যুবরণ করায় তিনি ছিলেন তাঁর মায়ের অত্যন্ত আদরের। পূর্ণ বয়সে তিনি সংস্কৃত, পারসিক, ল্যাটিন, ফরাসী, ইটালি, জার্মান, গ্রীক ও ইংরেজী ভাষা থেকে সাহিত্যের স্বাদ গ্রহণের যোগ্যতা অর্জন করেন।[৫৪] বাংলা সাহিত্যে তিনি নতুন ধারার প্রচলন করেছিলেন। শ্রীশিবনাথ শাস্ত্রীর ভাষায়, 'বঙ্গের অমরকবি মধুসূদন যেমন চিরাগত রীতি-পাশ ছিন্ন করতঃ বঙ্গীয় পদ্য সাহিত্যকে স্বাধীনতা মন্ত্রে দীক্ষিত করিয়া এক নব স্বাধীনতা, নব চিন্তা, নব আকাংক্ষা ও নবশক্তির অবতারণা করিলেন, গদ্য সাহিত্যে সেই কার্য্য করিবার জন্য বঙ্কিম চন্দ্রের অভ্যুদয় হইল।'[৫৫]

তিনি এক পর্যায়ে ইংরেজী ভাষায় সাহিত্য চর্চা করলেও বাংলা ভাষায় সনেট ও অমিত্রাক্ষর ছন্দের প্রবর্তক। ইতপূর্বে উল্লিখিত মেঘনাদবধ কাব্য ছাড়াও তাঁর উল্লেখযোগ্য গ্রন্থাবলি হলো দ্য ক্যাপটিভ লেডি, শর্মিষ্ঠা, কৃষ্ণকুমারী (নাটক), পদ্মাবতী (নাটক), বুড়ো শালিকের ঘাড়ে রোঁ, একেই কি বলে সভ্যতা, তিলোত্তমাসম্ভব কাব্য, বীরাঙ্গনা কাব্য, ব্রজাঙ্গনা কাব্য, চতুর্দশপদী কবিতাবলী, হেকটর বধ ইত্যাদি।[৫৬] জীবনের এক পর্যায়ে তিনি খ্রীষ্টধর্ম গ্রহণ করলে পিতৃগৃহ ত্যাগ করতে বাধ্য হন[৫৭] এবং সে কারণে সে গৃহে ফিরতে পারেননি। শেষ জীবনে তাঁর আর্থিক অবস্থা ভালো ছিলনা। শ্রীযোগীন্দ্র নাথ বসু বলেন, 'খ্রীষ্টধর্ম গ্রহণের ফলে মধুসূদনের পারিবারীক জীবনে সম্পুর্ণ পরিবর্তন ঘটিয়াছিল। তাঁহার স্বদেশ ত্যাগ, মান্দ্রাজ গমন, য়ুরোপিয় মহিলার পানি গ্রহণ, সাংসারিক অভাব, আত্মীয়স্বজনের স্নেহ হইতে বিচ্যুতি এবং অবশেষে অনাথের ন্যায় দাতব্য চিকিৎসালয়ে মৃত্যু, এ সমস্তই স্বল্পাধিক পরিমাণে তাঁহার খৃষ্টধর্ম গ্রহনের ফল।--- পিতার সহিত মনোমালিন্য আরম্ভ হইবার সঙ্গেই তাঁহার অর্থাভাব উপস্থিত হইয়াছিল।--- উপায়ান্তরের অভাবে তিনি অর্থাগমের জন্য সাহিত্যের উপর নির্ভর করিতে বাধ্য হইলেন।'[৫৮] সুতরাং মধুসূদন তাঁর পিতার জমিদারি থেকে বঞ্চিত ছিলেন অথবা তিনি তার সুবিধা ভোগ করেন নাই, সে কথা বলা যায়। তথাপী তাঁকে জমিদারি সংক্রান্ত একাধিক মোকদ্দমার বিবাদী হিসেবে দেখা যায় যার কিছু প্রমাণ এই বইয়ের পরবর্তি অংশে উপস্থাপন করা হয়েছে। তিনি ২৯ জুন ১৮৭৩ খ্রীষ্টাব্দে মৃত্যুবরণ করেন।

---

৪৯. শ্রীযোগীন্দ্র নাথ বসু, মাইকেল মধুসূদন দত্তের জীবন-চরিত, সান্যাল এন্ড কোম্পানি, কলিকাতা, ১৯০৫, পৃঃ ৭

৫০. প্রাগুক্ত, ১৯০৫, পৃঃ ২

৫১. প্রাগুক্ত, ১৯০৫, পৃঃ ২

৫২. প্রাগুক্ত, ১৯০৫, পৃঃ ৭

৫৩. প্রাগুক্ত, ১৯০৫, পৃঃ ৯-১৭

৫৪. প্রাগুক্ত, পৃঃ ১৭

৫৫. শ্রীশিবনাথ শাস্ত্রী, রামতনু লাহিড়ী ও তৎকালীন- বঙ্গসমাজ (দ্বিতীয় সংস্করণ), এস কে লাহিড়ী এন্ড কোং, কোলকাতা, ১৯০৯, পৃঃ ২৫১

৫৬. উইকিপিডিয়া

৫৭. প্রাগুক্ত, ১৯০৫, পৃঃ ১২৮

৫৮. প্রাগুক্ত, পৃঃ ১৩১ ; ১৪০

নড়াইল পরিবার

তৎকালিন যশোরের নতুন জমিদারদের মধ্যে নড়াইল পরিবার উল্লেখযোগ্য। বাংলাদেশ সরকারী ওয়েব সাইটে[৫৯] ১৮৬১ সালের ২২ জুলাই হাই কোর্টের মামলার তদন্ত এবং কালেক্টরেট থেকে তাদের পূর্বপুরুষের ইতিহাস সংগ্রহ করে যে তথ্য উপস্থাপন করা হয়েছে, তার ভিত্তিতে এবং অন্যান্য তথ্যসূত্রের আলোকে এখানে এই বইতে উল্লিখিত কিছু নথি সংশ্লিষ্ট জমিদারের বর্ণনা পেশ করা হল। জানা যায় যে, নড়াইল পরিবার দত্ত পরিবারের বংশদ্ভুত মদনগোপাল থেকে নড়াইলে প্রতিষ্ঠিত হয়।[৬০] সেই বংশের রূপরাম এর পুত্র কালীশংকরের থেকেই এই পরিবারের জমিদারির ইতিহাস শুরু। জানা যায় তিনি রাজার কর্মচারী ছিলেন এবং রাজার সম্পত্তির কর আদায় করে তা তছরুপ করে একের পর এক স্টেট কিনতে থাকেন যার শাস্তি তিনি পেলেও তাঁর বংশধরেরা জমিদারির মালিক হন। কালীশংকর নওয়াবের কাছ থেকে 'রায়' উপাধিতে ভূষিত হন। এর পর থেকে তার পরিবার 'দত্ত' থেকে 'রায়' পরিবার হিসেবে পরিচিত হতে থাকে। তাঁর দুই ছেলে রামনারায়ণ রায় ও জয়নারায়ণ রায়। ইংরেজী ১৮২২ সালে জয়নারায়ণ, ১৮২৭ সালে রামনারায়ণ এবং ১৮৩৪ সালে কালীশংকর মারা যায়। কালীশংকরের একটি উইল বলে কালীশংকরের সম্পদের বেশীর ভাগই রামনারায়ণের পরিবার পেয়ে যায়। বাংলাদেশ সরকারের ওয়েব সাইট থেকে আরো জানা যায় যে, কালীশংকরের অপর পুত্র জয়নারায়ণ এর ছেলে গুরুদাস ক্ষতিপূরণ বাবদ ১৮৪৭ খৃষ্টাব্দে প্রায় ৪১ লাখের বেশি রুপি দাবী করেন। ছোট পরিবারে গুরুদাসের তেমন সম্পদ ছিল না এবং তার পরিবারের বস্থিতিও ছিল কম। যশোরের খালিয়ায় এবং ফরিদপুরের রুপাহাটায় তাদের প্রধান সম্পত্তি ছিল।

রামনারায়ণের তিন পুত্র রামরতন রায়, হরনাথ রায় এবং রাধাচরণ রায়। রামনারায়ণ রায়ের মৃত্যুর পর তাঁর বড় পুত্র রামরতন রায় জমিদারি প্রাপ্ত হন। তাঁর মৃত্যুর পর রামনারায়ণের মেজ ছেলে হরনাথ রায় পরিবারের প্রধান হন।[৬১] ১৮৬৮খৃষ্টাব্দে হারনাথ মারা গেলে রামনারায়ণের অপর পুত্র রাধাচরণ রায় পরিবারের প্রধান হন। হারনাথ রায় যশোর এবং নড়াইলের মধ্যে সংযোগ রাস্তা তৈরি করতে প্রচুর অর্থ খরচ করেছেন। তার এই উন্নয়নমূলক কাজ এবং উদারতার জন্য সরকার তাকে 'রায় বাহাদুর' খেতাবে ভূষিত করে। শিক্ষা বিস্তারের জন্য তিনি প্রচুর পরিশ্রম করেছেন। হারনাথ রায় বাহাদুরের দুই পুত্র বাবু কালীদাস রায় এবং বাবু উমেশচন্দ্র রায়। রামরতন রায়ের পুত্র বাবু চন্দ্রকুমার রায় ও কালি প্রসন্ন রায়। রাধাচরণ রায়ের দুই পুত্র বাবু যোগেন্দ্র নাথ ও পুলিন বিহারী। বাবু উমেশচন্দ্র রায়ের পুত্র বাবু উপেন্দ্র চন্দ্র রায় ও বাবু কীরণ চন্দ্র রায়।[৬২] এখানে উল্লিখিত এই জমিদার পরিবারের অনেক সদস্যের নাম এই বইতে উল্লিখিত নথি সমূহে দেখতে পাওয়া যায়।

---

৫৯. http://www.jessore.gov.bd/

৬০. শ্রীসতীশচন্দ্র মিত্র, ১৩২৯ (বাংলা সন), প্রাগুক্ত, পৃঃ ৭১০-৭১১

৬১. প্রাগুক্ত, পৃঃ ৭২০

৬২. প্রাগুপ্ত, পৃঃ ৭২০, নড়াইলের জমিদারের বংশতালিকা দ্রষ্টব্য।

রাজশাহী/নাটোর জেলা
রানী ভবানী ও তাঁর উত্তরসূরীগণ

নাটোরের প্রখ্যাত জমিদার রানী ভবানী তাঁর স্বামী রামা কান্ত রায়ের মৃত্যুর (১৭৪৮খ্রিষ্টাব্দ) পর জমিদারির ভার গ্রহণ করেন। তাঁর পিতার নাম আত্মারাম চৌধুরী এবং মা জয় দূর্গা। রানী ভবানী ছিলেন সুশীল এবং মেধাবী। যার ফলশ্রুতিতে রামা কান্ত রায় তাঁর জীবদ্দশাতে রানী ভবানীর পরামর্শে জমিদারি কার্য পরিচালনা করতেন বলে জানা যায়।[৬৩] পলাশীর যুদ্ধে রানী ভবানী সিরাজুদ্দৌলার পক্ষাবলম্বন করেন। তিনি সিরাজুদ্দৌলাকে সাহায্য করার জন্য পলাশীতে তাঁর বাহিনী প্রেরণ করলেও তার পূর্বেই সিরাজুদ্দৌলার ভাগ্য নির্ধারিত হয়ে যায়।[৬৪] তিনি ছিলেন একজন দানশীল নারী। তিনি তাঁর প্রায় দীর্ঘ ৫০ বছরের শাসন কালে জনকল্যাণ মূলক কাজে সে যুগেই প্রায় ৫০ কোটি টাকার বেশি খরচ করেন।[৬৫] তিনিই প্রথম নারী যিনি হিন্দু বিধবা নারীর পূণঃবিবাহের উদ্যোগ গ্রহণ করেন যেটি পরে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর বাস্তবায়ন করেন। বিভিন্ন সেবামূলক কর্মকান্ডের পাশাপাশি তিনি অনেক মন্দির নির্মাণ করেন।[৬৬] তিনি তাঁর একমাত্র জীবিত কন্যা তারাসুন্দরীর বিবাহ দেন এই আশায় যে তিনি তাঁর মেয়ে জামাই এর হাতে জমিদারি তুলে দিতে পারেন। কিন্তু দূর্ভাগ্য বশতঃ তাঁর মেয়ে তারা সুন্দরীর স্বামীর অকাল মৃত্যুতে তিনি বিকল্প পথ বেছে নেন, রামকৃষ্ণকে দত্তক গ্রহণ করেন এবং তাঁর হাতে জমিদারি বুঝিয়ে দিয়ে ধর্মিয় কাজে মনোনিবেশ করেন।[৬৭] পরবর্তি খন্ডিত ইতিহাসের আলোচনা বোঝার স্বার্থে এখানে উল্লেখ করে রাখি, রাজা রামকৃষ্ণের দুই পুত্র- বিশ্বনাথ রায় এবং শিবনাথ রায়। রাজা রামকৃষ্ণের মৃত্যুর পরে জমিদারি দুই অংশে বিভক্ত হয়ে যায়। বিশ্বনাথ রায় যে অংশের জমিদারি পান তার নাম দেয়া হয় বড় তরফ এবং শিবনাথ রায়ের অংশের নাম দেয়া হয় ছোট তরফ।

বিশ্বনাথ রায়ের তিন স্ত্রী রানী কৃষ্ণমনি, রানী গোবীন্দমনি এবং রানী জয়মনি। রাজা বিশ্বনাথ রায় শক্তি ধর্ম ত্যাগ করে বৈষ্ণব ধর্ম গ্রহণ করলে প্রথমোক্ত দুই স্ত্রী তাঁর সাথে ধর্মান্তরিত হলেও রানী জয়মনি বরং রাজবাড়ী ত্যাগ করে মুর্শিদাবাদের বড়নগরে চলে যান এবং রানী ভবানী তাঁকে কিছু দেবোত্তর সম্পত্তি দান করেন।[৬৮] উল্লেখ্য, রানী ভবানীও শেষ দিনগুলি বড়নগরে কাটিয়েছেন।[৬৯]

রাজা বিশ্বনাথ রায়ের কোন পুত্র সন্তান ছিলনা এবং রাজার অনুমতিক্রমে তাঁর অপর স্ত্রী রানী কৃষ্ণমনি গোবিন্দ চন্দ্রকে ১৮১৪ খ্রিষ্টাব্দে দত্তক নেন এবং রাজা গোবিন্দ চন্দ্র রাজা বিশ্বনাথ রায়ের মৃত্যুর পর জমিদারি গ্রহণ করেন।[৭০] রাজা গোবিন্দ চন্দ্র ১৮৩৬ খ্রিষ্টাব্দে মৃত্যুবরণ করেন। মৃত্যুর পূর্বে রাজা তাঁর একটি উইলে তাঁর মাতা রানী কৃষ্ণমনিকে জমিদারি দিয়ে যান। এই উইল বলে রানী কৃষ্ণমনি দত্তক পুত্র রাজা গোবিন্দ চন্দ্রের পরে জমিদারি লাভ করেন। রাজা গোবিন্দ চন্দ্রের অপর স্ত্রী রানী শিবেশ্বরী।[৭১] রাজার মৃত্যুর পর তিনি কিছুকাল জমিদারি কার্য্য পরিচালনা করেন। মহারানী ভবানী এবং রানী কৃষ্ণমনির মত তিনিও বুদ্ধিমতি এবং জমিদারি কার্য্যে দক্ষতার পরিচয় দেন।[৭২] তাঁর সময়ে মহম্মদপুরের দেবত্তরমহল ছোট তরফ থেকে তাঁর অধিকারভূক্ত হয়।

---

৬৩. S.M.Rabiul Karim, Raishahi Zamindars: A Historical Profile in the Colonial Period (1765-19471), PhD Thesis, 2006, Department of History, University of North Bengal, Darjeeling, p. 106

৬৪. প্রাগুক্ত, p. 112

৬৫. প্রাগুক্ত, p. 114

৬৬. প্রাগুক্ত, p. 114-120

৬৭. প্রাগুক্ত, p. 121

৬৮. Kalinath Choudhury, Rajshahir Shankshipta Itihas, Calcutta, 1901, p. 197; Moksudur Rahman, Notore Maharani Bhavani, Rajshahi, 1988, p. 147 in S.M.Rabiul Karim, Raishahi Zamindars: A Historical Profile in the Colonial Period (1765-19471), PhD Thesis, 2006, Department of History, University of North Bengal, Darjeeling, p. 127

৬৯. উইকিপিডিয়া

৭০. প্রাগুক্ত

৭১. নথি নং ২ তে উল্লেখ আছে, 'রানী বিস্বেস্বরি ও রাজা গোবিন্দনাথের বিবাদিয় সম্পত্তিতে' এখানে হয়তো দলিল লেখক রানী শিবেশ্বরীর স্থলে রানী বিস্বেস্বরি লিখে থাকতে পারেন। উল্লেখ্য, লেখকের এই মতটি অনুমান নির্ভর।

৭২. শ্রী সতীশচন্দ্র মিত্র, প্রাগুক্ত, পৃঃ ৭২৪

রানী শিবেশ্বরী গোবিন্দনাথকে দত্তক নেন এবং গোবিন্দনাথ রায় সাবালোক হলে রানী কৃষ্ণমনির পরে জমিদারির দায়িত্ব গ্রহন করেন। রাজা গোবিন্দনাথ রায় অত্যন্ত মহৎ, বিনয়ী এবং জনপ্রিয় জমিদার ছিলেন বলে জানা যায়।[৭৩] যদিও পরবর্তিতে জমিদারি নিয়ে তাঁর মাতা রানী শিবেশ্বরীর সাথে তাঁর রাজনৈতিক সংঘাত রাজশাহী জেলা আদালত এবং আরো পরে উচ্চ আদালত পর্যন্ত গড়ায়। তাঁর মাতা রানী শিবেশ্বরী দত্তক বাতিলের আবেদন করেন। রাজশাহী জজকোর্টের রায় রানীর পক্ষে গেলেও পরে হাই কোর্টে এবং প্রিভি কাউন্সিলের রায়ে রাজা গোবিন্দ নাথ রায় জয়লাভ করেন এবং দত্তক বহাল থাকে।[৭৪] রাজা গোবিন্দ নাথ নিঃসন্তান ছিলেন এবং তাঁর স্ত্রীর নাম ছিল রানী ব্রজসুন্দরী। রাজা গোবিন্দ নাথ রায়ের মৃত্যুর পর রানী ব্রজসুন্দরী নাটোরের হরিশপুরের শ্রিনাথ রায় ও প্রশন্নময়ী দেবীর পুত্র ব্রজনাথকে[৭৫] দত্তক নেন এবং নাম রাখেন জগদিন্দ্রনাথ রায়, যিনি জমিদার হিসেবে যতটা না পরিচিত, তার চেয়ে বেশি বিখ্যাত কবি হিসেবে। কবির বেড়ে ওঠা ও প্রতিকুলতার মধ্যে তাঁর লেখা পড়া নিশ্চিত করার পেছনে রানীর ঐকান্তিক প্রচেষ্টা লক্ষ্যণীয়।[৭৬]

নাটোর রাজ পরিবারের ছোট তরফের জমিদার ছিলেন রাজা রামকৃষ্ণের দ্বিতীয় পুত্র শিবনাথ রায়। তিনিও তাঁর বড় ভাইয়ের ন্যায় নিঃসন্তান ছিলেন এবং তিনি আনন্দ নাথ রায়কে দত্তক গ্রহণ করেন। তাঁর জমিদারিভুক্ত সম্পত্তি ছিল মূলতঃ দেবোত্তর শ্রেণীর সম্পত্তি। তাঁর একমাত্র কন্যা জয় দূর্গার সাথে বলিহারির রাজা রাজেন্দ্র নারায়নের বিবাহ হয়।[৭৭] তিনি ১৮১৭ খৃষ্টাব্দে মৃত্যুবরণ করেন। পিতা শিবনাথ রায়ের মৃত্যুর পর রাজা আনন্দ নাথ রায় ছোট তরফের উত্তরধিকারী হন। তিনি শিক্ষানুরাগী ছিলেন এবং নাটোরে শিক্ষার প্রসার ঘটান।[৭৮] রাজশাহীর ঘোড়ামারাতে অবস্থিত বর্তমান রাজশাহী সাধারণ গ্রন্থাগারটি তাঁর প্রচেষ্টায় প্রতিষ্ঠিত হয়।[৭৯] তাঁর কাজের স্বীকৃতি স্বরূপ ব্রিটিশ রাজ তাঁকে রাজা বাহাদুর খেতাবে ভূষিত করেন। তিনি ১৮৭২ সালে মৃত্যুবরণ করেন।[৮০]

---

৭৩. খান শাহাব উদ্দিন (প্রধান পৃষ্ঠপোষক), বরেন্দ্র অঞ্চলের ইতিহাস, বিভাগীয় কমিশনারের কার্য্যালয়, রাজশাহী বিভাগ, পৃঃ ৭৩৮

৭৪. প্রাগুপ্ত

৭৫. S.M.Rabiul Karim, PhD Thesis, প্রাগুক্ত, 2006, p. 129

৭৬. প্রাগুক্ত, p. 129-130

৭৭. খান শাহাব উদ্দিন, প্রাগুক্ত, পৃঃ ৭৪০

৭৮. S.M.Rabiul Karim, PhD Thesis, 2006, প্রাগুক্ত, p. 134

৭৯. খান শাহাব উদ্দিন, প্রাগুক্ত, পৃঃ ৭৪০

৮০. খান শাহাব উদ্দিন, প্রাগুক্ত, পৃঃ ৭৪০; প্রাগুক্ত, p. ১৩৪ অনুযায়ী তিনি ১৮৬৬ সালে মৃত্যু বরণ করেন।

দিঘাপতিয়া স্টেট

দিঘাপতিয়া স্টেটের রাজা প্রমথ নাথ রায় ছিলেন পূর্ববর্তি রাজা প্রশন্ন নাথ রায়ের দত্তক পুত্র। **১৮৬১** খ্রিষ্টাব্দে পিতার মৃত্যুর পর তিনি জমিদারি প্রাপ্ত হন। সে সময় তিনি অপ্রাপ্ত বয়স্ক হবার কারণে প্রাথমিকভাবে জমিদারিটি ছিল কোম্পানির তত্ত্বাবধানে। সাবালকত্ব প্রাপ্তির পর জমিদারির দায়িত্ব তাঁর উপর অর্পন করা হয়। তিনি দিঘাপতিয়া স্টেটের প্রতিষ্ঠাতা দয়ারাম রায়ের কন্যার বংশীয় ছিলেন।[৮১] তাঁর সময়ে তিনি যশোরের মহাম্মদপুর, মধ্য নড়াইলের জমিদারির অংশ তেলিহাটি, নসরত শাহীর কিছু অংশ সহ আরো অনেক এলাকার জমিদারি ক্রয় করেন। ফলে দিঘাপতিয়ার জমিদারির সীমানা প্রায় দ্বিগুণ হয়।[৮২] ঠিক যে সময়ে নাটোরের জমিদার পরিবার বকেয়া খাজনা পরিশোধে ব্যর্থতার কারণে জমিদারি হারাচ্ছিল, সে সময়ে রাজা প্রমথ নাথ রায়ের যোগ্যতায় দিঘাপতিয়ার জমিদারির সীমা বৃদ্ধি পাচ্ছিল। অত্র অঞ্চলের শিক্ষার বিস্তারে তিনি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছিলেন। রাজশাহী বিভাগীয় কমিশনারের লেখা **১৮৭১** খ্রিষ্টাব্দের পত্রের জবাবে রানী ভিক্টোরিয়া তাঁকে 'রাজাবাহাদুর' খেতাবে ভূষিত করেন।[৮৩] এর পর তিনি **১৮৭৭** খৃষ্টাব্দে বঙ্গীয় আইন সভার সদস্য নির্বাচিত হন।[৮৪] তিনি **১৮৮৩** খ্রিষ্টাব্দে মাত্র **৩৪** বছর বয়সে মৃত্যুবরণ করেন। তাঁর উইল অনুযায়ী তাঁর মৃত্যুর পর দিঘাপতিয়া স্টেটের সম্পত্তি দু'ভাগে বিভক্ত হয়। তাঁর চার পুত্রের প্রথম পক্ষের স্ত্রীর পুত্র প্রমদানাথ পান রাজা প্রমথ নাথ রায়ের পৈত্রিক জমিদারি এবং দ্বিতীয় পক্ষের স্ত্রীর পুত্র বসন্তকুমার, শরৎকুমার এবং হেমেন্দ্রকুমার রায়কে দেয়া হয় রাজা প্রমথ নাথ রায়ের স্বোপার্জিত সম্পত্তি।

---

৮১. S.M.Rabiul Karim, প্রাগুক্ত, 2006, p. 158

৮২. প্রাগুক্ত, p. 159, ibid

৮৩. প্রাগুক্ত, পৃঃ ৭৪২

৮৪. প্রাগুক্ত, পৃঃ ৭৪২

পাবনা জেলা
পার্শ্বডাঙ্গার জমিদার বাড়ী

পাবনার চাটমোহরের পার্শ্বডাঙ্গার একজন বিখ্যাত জমিদার ছিলেন শম্ভূনাথ চৌধুরী। কথিত আছে, তাঁর পূর্বপুরুষ ভারতের পশ্চিম-উত্তরপ্রদেশ হতে বাণিজ্যের উদ্দেশ্যে বাংলাদেশে এসে পাবনায় স্থায়ী হন। শম্ভূনাথ চৌধুরীর পূর্বপুরুষ হরিনাথের সময় হতে এই পরিবার জমিদার খেতাব অর্জন করেন।[৮৫] হরিনাথের মৃত্যু পর শম্ভূনাথ চৌধুরী পারিবারিক জমিদারির ট্রাস্টি নিযুক্ত হন। দানশীল হিসেবে এলাকায় তাঁর খ্যাতী ছিল। তিনি ১৮৬১ খ্রিষ্টাব্দে পাবনার চাটমোহরে একটি উচ্চ বিদ্যালয় স্থাপন করেন যেটি শম্ভূনাথ উচ্চ ইংরেজী বিদ্যালয় নামে বর্তমান রয়েছে।[৮৬] বাংলা সন ১২৮৬ খ্রিষ্টাব্দে তিনি পরলোক গমন করেন। তাঁর মৃত্যুর পর তাঁর ভ্রাতুস্পুত্র গোবিন্দনাথ চৌধুরী এজমালী ট্রাস্টের ট্রাস্টী নিযুক্ত হন।

কোলকাতা জেলা
জানবাজারের জমিদার পরিবার

রানী রাষমনি'র জন্ম সাধারণ কৃষক পরিবারে ইংরেজী ১৭৯৩ সালের ২৬ সেপ্টেম্বর এবং বাংলা সন ১২০০ সালের ১১ আশ্বিন। তাঁর বাবার বসত ছিল উত্তর ২৪ পরগনা জেলার কোনা গ্রামে। মাত্র ১১ বছর বয়সে তাঁর বিয়ে হয় কোলকাতার জানবাজারের জমিদার পরিবারের বাবু রজচন্দ্র দাসের সাথে। ১৮৩৬ সালে তাঁর স্বামীর তিরোধানের পর জমিদারির ভার এসে পড়ে রানী রাষমনি'র উপর। ব্রিটিশ শাসকদের সাথে রাজনৈতিক কৌশল এবং সংঘাতের কারণে তিনি খ্যাতি অর্জন করেন। হুগলি নদীর তীরে অবস্থিত দক্ষিণেশ্বর কালী মন্দিরের প্রতিষ্ঠাতা তিনি। ভারতে ব্রিটিশ শাসনের সময় ইংরেজরা গঙ্গা নদীতে মাছ ধরার জন্য জেলেদের ওপর উচ্চ হারে শুল্ক আদায় করত। রানী ইংরেজ শাসকদের শুল্ক তুলে নেয়ার জন্য চাপ দিলে ব্রিটিশ সরকার প্রথমে তাতে কর্ণপাত করেনি। এ অবস্থায় রানী রাষমনি গঙ্গার পানির লীজ গ্রহণ করেন এবং বৃটিশ সরকারকে বাধ্য করেন জলকর[৮৭] তুলে নিতে। তিনি বাংলাদেশের নীলচাষিদের ব্রিটিশ সরকারের অত্যাচার থেকে মুক্ত করেন বলে কথিত আছে।[৮৮] দ্বারকানাথ ঠাকুর ১৮৪৭ সালে তাঁর জমিদারির একটি অংশ যেটি সুন্দরবনের একটি জলাবদ্ধ অংশ ছিল, সেটি রানী রাষমনির কাছে বন্ধক রাখেন।[৮৯] সেই সময় ঐ এলাকার বাসিন্দাদের তিনি মাছ চাষের পদ্ধতি উদ্ভাবন করে তাদের জন্য জীবিকার নতুন দ্বার উন্মোচন করেন। ১৮৬১ সালের ১৯ ফেব্রুয়ারি এবং বাংলা সন ১২৬৭ সালের ৯ ফাল্গুন প্রায় ৬৮ বছর বয়সে বাংলার এই মহীয়সী নারীর জীবনাবসান ঘটে।

